

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং- ২৩

আশ্বিন ২৫, ১৪২৬ বাং
তারিখ : _____
অক্টোবর ১০, ২০১৯ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত বিশেষ সাময়িক নির্দেশনা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এর ০১/১০/২০১৯ তারিখের স্মারক নং- ২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০৮.১৮-২৩২৯ (কপি সংযুক্ত) এর নির্দেশনা আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মুদ্রণ করা হলো।

২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ট্রাডা পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccle.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০৮.১৮-২৬২৯

তারিখ: ১৮ অক্টোবর ২০১৯


বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত বিশেষ সাময়িক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবাসমূহ অটোমেশনের লক্ষ্যে গত ১লা জুলাই, ২০১৯ হতে Online Licensing Module (OLM) সফটওয়্যারের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। OLM কার্যক্রম চালু হওয়ায় ম্যানুয়াল পদ্ধতিতে পূর্বে নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ভেন্টরদের ম্যানুয়াল সনদ রহিত করে OLM ডাটাবেজে অন্তর্ভুক্তির লক্ষ্যে রি-রেজিস্ট্রেশনের মাধ্যমে অনলাইনে সনদপত্র প্রদান করা হচ্ছে। কার্যক্রমটি সম্পূর্ণ নতুন হওয়ায় নিবন্ধনধারীগণ সঠিকভাবে যেমন আবেদন দাখিল করতে পারছেন না, সঠিক কাগজপত্র দাখিলে সময় নিচ্ছে, তেমনি আবেদনের আধিক্যে ও এ দপ্তরে কর্মকর্তা-কর্মচারীর স্বল্পতায় অনুমোদন প্রদানে কালক্ষেপণ হচ্ছে। অধিকন্তু OLM সফটওয়্যারে সময়ে সময়ে কিছু কারিগরি সমস্যা দেখা দেয়ায় সেবা প্রদান বিলম্বিত হচ্ছে।

২। আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর ৯(১০) ও ৯(১১) উপ-অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরের ৩০ সেপ্টেম্বর এর মধ্যে নবায়ন ফিস কোন প্রকার সারচার্জ ব্যতিরেকে চালানের মাধ্যমে জমা প্রদান সাপেক্ষে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করতে পারে বিধায় ইতোপূর্বে স্মারক নং- ২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০৮.১৮-২৬০৮ তাং-০২/০৭/২০১৯খ্রিঃ এর মাধ্যমে ২০১৮-২০১৯ পর্যন্ত নবায়নকৃত এবং ২০১৯-২০২০ অর্থবছরের নবায়ন ফিস ও মূসক (VAT) জমার ট্রেজারী চালান প্রদর্শন সাপেক্ষে সকল আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ভেন্টরদের ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য সহযোগিতা করতে একটি নির্দেশনা জারি করা হয়েছিল। কিন্তু ঢাকা আঞ্চলিক কার্যালয়ের আওতায় এখনও বিপুল সংখ্যক আবেদন অনিষ্পন্ন রয়েছে, যা নিষ্পন্ন করতে কয়েকদিন সময়ের প্রয়োজন।

৩। বিধায়, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা আঞ্চলিক দপ্তর এর অনুকূলে নিবন্ধন সনদ রি-রেজিস্ট্রেশন ও নবায়নের জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তিকালীন যাতে আবেদনকারী নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ভেন্টরগণ তাদের স্বাভাবিক কার্যক্রম পরিচালনায় বাধাগ্রস্ত না হন সে লক্ষ্যে গত ৩০ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা আঞ্চলিক দপ্তর এর অনুকূলে রি-রেজিস্ট্রেশন ও নবায়নের জন্য অনলাইনে আবেদন দাখিলকারী সংশ্লিষ্ট আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ভেন্টরগণকে নিম্নবর্ণিত শর্তে আগামী ৩১ অক্টোবর ২০১৯ পর্যন্ত সকল ধরনের আমদানি, রপ্তানি ও ইন্ভেন্টিং কার্যক্রম পরিচালনা করার সুযোগ প্রদান করা যেতে পারেঃ-

- শর্তাবলী: ক) আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ভেন্টরগণকে ২০১৮-২০১৯ পর্যন্ত নবায়নকৃত/নিবন্ধিত সনদধারী হতে হবে।
খ) আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকায় মূল সনদ ও নবায়ন বই জমা দেয়ার প্রমাণিক দলিল হিসেবে Tracking Number সহ OLM আবেদন (উক্ত দপ্তরের সীল ও স্বাক্ষর সম্বলিত) দাখিলের কপি থাকতে হবে এবং
গ) ২০১৯-২০২০ অর্থবছরের নবায়ন ফিস ও মূসক (VAT) চালানের কপি থাকতে হবে।



(মোহাম্মদ আওলাদ হোসেন)

নিয়ন্ত্রক (চঃদাঃ)

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা

ফোন: ৯৫৫৮৪২৭।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (সকল শুল্ক কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা- ১০০০ (সকল চেম্বার/ট্রেড এসোসিয়েশনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪. মহাব্যবস্থাপক, ফরেন এন্ড চেঞ্জ পলিসি/অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০ (সকল তফসিলি ব্যংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, সকল তফসিলি ব্যাংক, বাংলাদেশ (সকল এডি ব্রাঞ্চসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

(অপর পৃষ্ঠার দ্রষ্টব্য)